## প্রকল্প বাস্তবায়নে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ :

- সমগ্র বাংলাদেশে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন।
- ক্লাব পরিচালনার জন্য জেন্ডার প্রোমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োগ।
- ক্লাব সদস্য (১০ জন কিশোর ও ২০ জন কিশোরী) নির্বাচন।
- ক্লাবে আসবাবপত্র, সাংস্কৃতিক উপকরণ ও ক্রীড়া উপকরণ সরবরাহ।
- জেন্ডার প্রোমোটারদের বাইসাইকেল প্রদান।
- কিশোর-কিশোরীদের পুষ্টির কথা বিবেচনা করে উন্নত মানের নাস্তা প্রদান।
- কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষায় স্যানেট্যারী টাওয়েল প্রদান।
- কিশোর-কিশোরীদের ক্যারাটে প্রশিক্ষণ প্রদান।
- ক্লাব ভিত্তিক বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে কিশোর-কিশোরীরা সন্ত্রাসবাদ, মাদকাসক্তি, সমাজ বিরোধী কর্মকান্ড থেকে নিজেদের মুক্ত রাখাসহ অন্যদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করা হচ্ছে।

## প্রকল্পের আউটপুট (Output) :

- ৪৮৮৩ টি ক্লাব স্থাপন।
- ট্রেনিং মডিউল প্রস্তুত করা।
- প্রশিক্ষণ প্রদান।
- মধ্যমেয়াদী সার্ভে।
- ক্লাব পরিচালনায় গাইড লাইন ও কারিকুলাম প্রস্তুত করা।

## উপসংহার :

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নারীর ক্ষমাতায়ন এবং জেন্ডার সমতা অর্জনের উদ্দেশ্যসমূহ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal - SDG) ৫ এর ৫.১, ৫.২, ৫.৩ ও ৫.৫ অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৪,৩৯,৪৭০ জন কিশোর-কিশোরী বাল্যবিবাহ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, যৌতুক, ইভটিজিং, শিশু অধিকার, নারী অধিকার, জেন্ডারভিত্তিক বৈষম্য, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ, মাদকাসক্তি ও নারী-শিশু পাচার প্রতিরোধ, আইনি সহায়তা প্রদান, এইচআইভি/এইডস প্রতিরোধ, ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদি বিষয়ে সচেতন হবে। ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জীবন দক্ষতা বৃদ্ধি পাবে। এছাড়াও ক্যারাটে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিতসহ নারী ও শিশু নির্যাতনরোধে কিশোর-কিশোরীরা উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।


**Youtube:** www.youtube.com/@kkcp_bd
**E-mail:** pdkishori2018@gmail.com
**Web:** www.kkcp.gov.bd
**Tel:** 02-55138134


## এক নজরে

| | | |
|---|---|---|
| প্রকল্পের শিরোনাম | : | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| বাস্তবায়ন কারী সংস্থা | : | মহিলা বিষয়ক অধিদপ্তর |
| বাস্তবায়ন কাল | : | এপ্রিল, ২০১৮ হতে জুন, ২০২৫ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | : | ৫৫১৫৬.২৭ লক্ষ টাকা (জিওবি) |
| প্রকল্প এলাকা | : | ৬৪ জেলার ৪৯২ উপজেলায় (৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি |

**প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য** :

- বাল্যবিবাহ প্রতিরোধ করা।
- Sexual & reproductive Health and Rights (SRHR) এবং Gender Based Violence (GBV) বিষয়ক ঝুঁকি হ্রাস করা।
- ১০-১৯ বছর বয়সী এডোলেসেন্ট ইয়ংদের মধ্য SRHR / GBV প্রতিহত করার লক্ষ্যে অনুকূল ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ সৃষ্টি করা।
- ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরীদের মনো-সামাজিক আচরণ, একে-অপরের প্রতি শ্রদ্ধাশীল সম্পর্ক, সমমনোভাবাপন্ন, SRHR প্রতিহত করণে দক্ষতা উন্নীতকরণ এবং GBV প্রতিরোধে বিভিন্ন ধরণের সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ করা।
- ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদান করা এবং বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা। এছাড়া ক্যারাটে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ক্লাব ভিত্তিক বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে কিশোর-কিশোরীরা সন্ত্রাসবাদ, মাদকাসক্তি, সমাজ বিরোধী কর্মকান্ড থেকে নিজেদের মুক্ত রাখাসহ অন্যদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করা।
- প্রকল্পের আওতায় ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হবে এবং ক্লাবের মাধ্যমে প্রকল্প মেয়াদে ৭,৩২,৪৫০ জন কিশোর-কিশোরীকে সুবিধা প্রদান করা হবে।
- প্রকল্পের আওতায় ২,৯৫২ জন নারী উদ্যোক্তা তৈরী করা হবে।

## মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

# কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প



অফুরন্ত সম্ভাবনার উৎস আজকের কিশোর-কিশোরী। তাদেরকে দেশপ্রেম, নৈতিক শিক্ষা, শৃঙ্খলা ও দায়িত্ববোধে উজ্জীবিত হয়ে সামাজিক নানা সমস্যা প্রতিরোধের শিক্ষা প্রদান করলে ক্রমঃ অগ্রসরমান বাংলাদেশ হবে আগামী বিশ্বের বিস্ময়। সৃজনশীল কর্মকান্ডের মাধ্যমে মনস্তাত্বিক ও সাংস্কৃতিক বিকাশ সাধন করে সমাজের ইতিবাচক পরিবর্তন ঘটানোই প্রকল্পের মূল উদ্দেশ্য।

## বাস্তবায়নেঃ

## মহিলা বিষয়ক অধিদপ্তর

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের আওতায় সারা দেশে প্রতিটি ইউনিয়ন ও প্রতিটি পৌরসভায় একটি করে সর্বমোট ৪৮৮৩ টি (৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি পৌরসভা) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। ক্লাব সদস্যদের বয়স ১০-১৯ বছর। প্রতিটি ক্লাবে ৩০ জন সদস্য থাকবে। এর মধ্যে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর রয়েছে। এ ক্লাবের মাধ্যমে ক্লাব সদস্যদেরকে বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, জন্মনিবন্ধন, বিবাহ নিবন্ধন, যৌতুক, ইভটিজিং, শিশু অধিকার, নারী অধিকার, জেন্ডারভিত্তিক বৈষম্য, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ, মাদকাসক্তি, নারী ও শিশু পাচার প্রতিরোধ, আইনি সহায়তা প্রদান, এইচআইভি/এইডস প্রতিরোধ, ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কিশোর-কিশোরীদের সচেতনতা বৃদ্ধি করা হবে। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্যদিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়নে বিভিন্ন কর্মসূচি প্রকল্প কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প মেয়াদে ৭,৩২,৪৫০ জন কিশোর-কিশোরীকে সুবিধা প্রদান করা হবে।

## প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য গৃহীত কার্যক্রম :

- ৪৮৮৩ টি ক্লাব স্থাপন ও ক্লাবের সদস্য নির্বাচন;
- জনবল নিয়োগ;
- জেন্ডার প্রোমোটার ও নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান;
- ক্লাব ম্যানেজমেন্ট সভা আয়োজন;
- ক্লাবে আসবাবপত্র, প্রশিক্ষণ মডিউল, ক্রীড়া সামগ্রী, সাংস্কৃতিক উপকরণ ও বইপত্র সরবরাহ ও বিতরণ;
- ক্লাব কার্যক্রম পরিচালনার জন্য জেন্ডার প্রোমোটারদের বাইসাইকেল প্রদান;
- ক্লাব কার্যক্রম মনিটরিং এর জন্য ফিল্ড সুপারভাইজরদের মোটরসাইকেল প্রদান;
- ক্লাবের প্রচার প্রচারণার জন্য ডকুমেন্টারি, ভিডিও প্রস্তুত করে বিভিন্ন চ্যানেল ও মিডিয়ার মাধ্যমে প্রচার;
- ক্লাবের কিশোর-কিশোরীদের আইডি কার্ড ও সনদপত্র প্রদান।



**‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের ক্লাব সংক্রান্ত তথ্যাবলীঃ**

| বিভাগের নাম | মোট জেলা | উপজেলার সংখ্যা | ইউনিয়নের সংখ্যা | পৌরসভা সংখ্যা |
|---|---|---|---|---|
| ঢাকা | 13 | 88 | ৮৮২ | ৬৩ |
| চট্রগ্রাম | 11 | 103 | ৯৪৮ | ৬৫ |
| বরিশাল | 6 | 42 | ৩৫৬ | ২৬ |
| সিলেট | 4 | 40 | ৩৩৬ | ২০ |
| রাজশাহী | 8 | 67 | ৫৬৬ | ৬২ |

| | | | | |
|---|---|---|---|---|
| রংপুর | 8 | 58 | ৫৩৫ | ৩১ |
| খুলনা | 10 | 59 | ৫৮০ | ৩৬ |
| ময়মনসিংহ | 4 | 35 | ৩৫০ | ২৭ |
| **মোট** | **৬৪** | **৪৯২** | **৪৫৫৩** | **৩৩০** |









প্রচারেঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।